নওগাঁ সদর উপজেলা পরিষদের নভেম্বর'২০২০ মাসে অনুষ্ঠিত উপজেলা মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম (রফিক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ ।

তারিখ : ১২/১১/২০২০ খ্রিঃ
সময় : বেলা ১১. ০০ টা
স্থান : নওগাঁ সদর উপজেলা পরিষদ সভাকক্ষ ।

উপস্থিত ও অনুপস্থিত সদস্য ঃ পরিশিষ্ট "ক" ও "খ"

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁকে সভার সার্বিক কার্যক্রম পরিচালার জন্য অনুরোধ করেন । উপজেলা নির্বাহী অফিসার সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন । অতঃপর পূর্ববর্তী মাসের সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় এবং পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় । পরবর্তীতে বিভাগীয় পর্যায়ে আলোচনার জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানানো হয় ।

১ । বিভাগীয় আলোচনা:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১.১ উপজেলা স্বাস্থ্য অফিস : ও কে | | |
| উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নওগাঁ সদর, নওগাঁর প্রতিনিধি সভায় জানান যে, অদ্যাবধি নওগাঁ সদর উপজেলায় করোনা ভাইরাস এর নমুনা সংগ্রহ করা হয়েছে মোট ৮৫২ জনের । তার মধ্যে করোনা পজেটিভ ৫৪৩ জন । এর মধ্যে সুস্থ্য হয়েছেন ৫০৭ জন এবং মৃত্যুবরণ করেছেন ০৭ জন । হোম কোয়ারান্টাইনে ছিলেন ৪৭৮২ জন এবং হাসপাতাল আইসোলেশনে ছিলেন ২৫ জন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত সকল কাজ সরকারি নির্দেশনা মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়ন এবং রোগীদের সুচিকিৎসা নিশ্চিতকরণসহ বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয় । | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার নওগাঁ সদর, নওগাঁ । |
| ১.২ উপজেলা প্রকৌশল অফিস : | | |
| (ক) উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, ২০১৯-২০ অর্থ বছরে প্রাপ্ত অর্থে ২০২০-২১ অর্থ বছরে বাস্তআয়নের জন্য নওগাঁ সদর উপজেলার উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল এর আওতায় গৃহিত প্রকল্প সমূহ গত আগষ্ট/২০২০ মাসের মাসিক উন্নয়ন সমন্বয় কমিটির সভায় E-GP এর মাধ্যমে LTM পদ্ধতিতে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় । সে মোতাবেক ০৪ (চার) প্যাকেজের দরপত্র আবান অন্তে E লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচন করা হয়েছে । প্রকল্পগুলি বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো । | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রকল্প গুলির কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয় এবং কাজ সমাপ্তির পর চূড়ান্ত বিল প্রদানের অনুমোদন প্রদান করা হলো এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদরকে অনুরোধ করা হয় । | উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ |
| (খ) উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নওগাঁ সদর উপজেলার নিম্নবর্ণিত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য প্রকল্প পরিচালক, স্থানীয় সরকার বিভাগ মহোদয়ের স্মারক নং-৪৬.৬০০.০০২.০০.০০.০৩৫.২০১৯-৫০১, তারিখ ২৩/০৮/২০২০ খ্রিঃ মোতাবেক অনুমোদন পাওয়া যায় এবং অনুমোদন পত্রের নির্দেশনার আলোকে E-GP এর মাধ্যমে ই-টেন্ডার প্যাকেজ নং- INF-2018-19-506460-01 এর কাজ উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (Works OTM) এবং প্যাকেজ নং- INF-2018-19-506460-02 এর কাজ সরবরাহ (Goods OTM) পদ্ধতিতে টেন্ডার আহবান ও ঠিকাদার নির্বাচন করা হয়েছে । প্রকল্পগুলি বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো । | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রকল্প গুলির কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয় এবং কাজ সমাপ্তির পর চূড়ান্ত বিল প্রদানের অনুমোদন প্রদান করা হলো এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদরকে অনুরোধ করা হয় । | উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ |
| (গ) উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, ২০২০-২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি ও এডিপি রাজস্ব তহবিলের অর্থে প্রকল্প বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যান ও সকল অফিস প্রধানকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছিল । এ পর্যন্ত ০৭টি ইউপি হতে প্রকল্প পাওয়া গেছে । অবশিষ্ট প্রকল্প না পাওয়ায় পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না । | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন তহবিল এডিপি ও এডিপি (রাজস্ব) তহবিলের অর্থে জনগুরুত্বপূণ প্রকল্প দাখিল করার জন্য পুনরায় অনুরোধ করা হয় এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদরকে অনুরোধ করা হয় । | ১ ।উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ<br>২ ।চেয়ারম্যান (সকল) ইউপি ও সকল অফিস প্রধান |

| | | |
|---|---|---|
| (ঘ) উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ সদর কার্যালয়ে দরজায় থাইগ্লাস লাগানোর আবেদন করেছেন। সে প্রেক্ষিতে উক্ত কাজের জন্য ১০,০০০/-(দশ হাজার) টাকার প্রাক্কলন প্রস্তত করা হয়েছে। যা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ সদর কার্যালয়ে দরজায় থাইগ্লাস লাগানোর জন্য ১০,০০০/-(দশ হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ৩ এর (ক) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা পরিষদ ভবন ও বাসাবাড়ী মেরামত/ সংরক্ষণ/ রংকরণ খাত হতে এ অর্থ পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ |

| | | |
|---|---|---|
| (ঙ) উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, এলজিইডি কর্তৃক নির্মিত পাকা রাস্তার দুই পার্শ্বে পুকুর খনন নিষিদ্ধের বিশেষ বিধানাবলী থাকলেও বিভিন্ন ইউনিয়নে রাস্তার দুই পার্শ্বে নিয়ম বর্হিভূত ভাবে পুকুর খননের ফলে সড়ক ভেঙ্গে যোগাযোগ ব্যবস্থা ব্যহত হচ্ছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদেরকে সরকারি নির্দেশনা সম্পর্কিত পত্র প্রদান করা হয়েছে এবং সড়ক রক্ষার্থে উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য অনুরোধ করা হয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে এলজিইডি কর্তৃক নির্মিত পাকা রাস্তার দুই পার্শ্বে নিয়ম বর্হিভূত ভাবে পুকুর খননকারীগণের তালিকা উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর অফিসে দাখিল করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান (সকল) ইউপি |

১.৩ উপজেলা কৃষি অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা কৃষি অফিসার, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, সাম্প্রতিক বন্যায় ক্ষয়ক্ষতি পুষিয়ে নিতে পুনর্বাসন কর্মসুচির আওতায় ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের বিনা মূল্যে সর্বমোট ৩১০০ জন কৃষকের মাঝে প্রতিজনকে ২০ কেজি হারে গম বীজ ২৫০ জনকে, ১ কেজি হারে সরিষা বীজ ৭০০ জনকে, ১০ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি, সূর্যমূখি বীজ ১ কেজি হারে ৩৫০ জনকে, চিনাবাদাম ১০ কেজি হারে ২৫০জনকে, মসুর বীজ ৫ কেজি হারে ৪০০ জনকে, ৫কেজি ডিএপি, ৫ কেজি এমওপি, খেসারী বীজ ৮ কেজি হারে ৫০০ জনকে, টমেটো বীজ ৫০ গ্রাম হারে ২৫০ জনকে, ১০কেজি ডিএপি, ১০কেজি এমওপি, মরিচ বীজ ৩০০ গ্রাম হারে ৪০০ জনকে, ১০কেজি ডিএপি, ৫কেজি এমওপি বিতরণ করা হবে এবং জমির পরিমান ১ বিঘা। তালিকা প্রনয়নের কাজ চলমান আছে। প্রনোদনা কর্মসূচির আওতায় ১৭০ জন কৃষকের মাঝে বোরো প্রতিজন-১ কেজি বীজ, ১ কেজি ডিএপি, ১০ কেজি এমওপি, গম ২০০ জন, প্রতিজন-২০ কেজি, ১০ কেজি ডিএপি, ১০কেজি এমওপি, সরিষা-৫৫০ জন, প্রতিজন ১কেজি, ডিএপি ১০ কেজি, এমওপি ১০ কেজি, ভূট্টা-৩০০ জন, প্রতিজন ২ কেজি, ১০কেজি ডিএপি, ১০কেজি এমওপি, শরৎকালীন মুগ ১০ জন, প্রতিজন ৫ কেজি, ১ কেজি ডিএপি, ৫কেজি এমওপি, পেঁয়াজ ৬০ জন, প্রতিজন ২৫০ গ্রাম, ৫কেজি এমওপি, জমির পরিমান-০১বিঘা, তালিকা প্রনয়নের কাজ চলমান। বোরো আবাদের লক্ষ্যমাত্রা ১৭৯৫৫ হেক্টর। চলতি মাসে রাসায়নিক সারের বরাদ্দ ইউরিয়া-৭৯৩ মেঃ টন, টিএসপি-১৩৫ মেঃ টন, এমওপি-৩৮৫ মেঃ টন, ডিএপি-৫৩৭ মেঃ টন। সারের মজুদ সন্তোষজনক। আসন্ন রবি মৌসুমে যাতে সারের কোন ঘাটতি না হয় কিংবা সারের মূল্য বৃদ্ধি না হয় সে বিষয়ে তিনি সকলের সহযোগিতা কামনা করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। |

১.৪ উপজেলা পরিবার পরিকল্পনা অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, নওগাঁ সদর সভায় জানান যে, অক্টোবর/২০২০ মাসে মোট সক্ষম দম্পতির সংখ্যা-৬২৭৭৬ জন, পঃপঃ পদ্ধতি গ্রহনকারীর সংখ্যা-৫০৫১২ জন, শতকরা ৮০.৪৬%। গর্ভকালীন সেবা প্রদানের সংখ্যা-১৮০৫ জন, প্রসবোত্তর সেবা-১৮২২ জন, স্থায়ী পদ্ধতির ক্লায়েন্ট-০৪ জন, আইইউডি-১১ জন, ইমপ্লান্ট-৭৯ জন, সাধারণ রোগীর সেবা-৮১৭৯ জন। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পঃপঃ অফিসার,নওগাঁ সদর, নওগাঁ |

১.৫ উপজেলা মৎস্য অফিস :

| | | |
|---|---|---|
| সিনিয়র উপজেলা মৎস্য অফিসার , নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, অক্টোবর/২০২০ মাসে বিভিন্ন হাট-বাজারে ১৭টি অভিযান ও ০২টি মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে মোট ৩০০ টি কারেন্ট জাল যার আনুমানিক দৈর্ঘ্য ২৫০০০ হাজার মিটার জব্দ করা হয় এবং ৫০০০/- হাজার টাকা জরিমানা করা হয়। উক্ত জব্দকৃত জাল পুড়িয়ে নষ্ট করা হয়। তিনি আরও জানান যে, রাজস্ব খাতের আওতায় ২০ জন মহিলা উদ্যোক্তাকে শুটকী প্রস্তকরণ ও সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। |

১.৬ উপজেলা প্রাণি সম্পদ অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, নওগাঁ সদর সভায় জানান যে, বাঙ্গাবাড়িয়াস্থ নতুন ক্যাম্পাসে গবাদীপশুর কৃত্রিম প্রজনন করার জন্য মাঠের ভিতর উন্মুক্ত স্থানে একটি এ, আই (কৃত্রিম প্রজনন) সেড তৈরীর জন্য স্থায়ী কমিটিতে একটি প্রকল্প দেয়া হয়েছে। প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের জন্য সভায় অনুরোধ জানান। তাছাড়া নওগাঁ সদর উপজেলার সকল ইউনিয়নে গবাদীপশু ও ছাগল ভেড়া প্রজাতির ক্ষুরারোগ ও পিপিআর রোগ প্রতিরোধের জন্য একটি প্রকল্প বাস্তবায়নের প্রক্রিয়া চলমান আছে এবং ডিসেম্বর/২০২০ মাসের মধ্যে কার্যক্রমটি শুরু হবে। এতে করে খামারী ও প্রান্তিক কৃষকগণ উপকৃত হবেন। বিনামূল্যে ছাগল-ভেড়ার মারাত্মক পিপিআর রোগের ভ্যাকসিন সরাসরি ভ্যাকসিনেটরদের মাধ্যমে গ্রামে গ্রামে ক্যাম্পিং/বাড়ীবাড়ী গিয়ে দেয়া হবে। চলমান বিভিন্ন ফ্রি ভ্যাকসিনেশন ও মেডিক্যাল ক্যাম্পিং কার্যক্রমে সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের সহযোগিতা কামনা করেন। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় এবং বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রাণি সম্পদ অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। ২। চেয়ারম্যান (সকল) ইউপি |

১.৭ উপজেলা নির্বাচন অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা নির্বাচন অফিসার, নওগাঁ সদর, সভায় জানান যে, আসন্ন পৌরসভা নির্বাচনের কারণে নতুন ভোটার অর্ন্তভূক্তি ও স্থানান্তর কার্যক্রম বন্ধ রয়েছে। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। |

১.৮ উপজেলা আনসার ও ভিডিপি অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নওগাঁ সদর সভায় জানান যে, প্রতি ইউপিতে একটি করে কক্ষ আনসার ও ভিডিপির জন্য বরাদ্দ রয়েছে এবং প্রতিটি ইউনিয়নে ভাতাভুক্ত ০৪ জন করে আনসার ও ভিডিপি সদস্য আছে। কিন্তু বেশ কয়েকটি ইউপি ভবনে বরাদ্দ প্রাপ্ত কক্ষ ব্যবহারে সমস্যা চলছে। তিনি আনসার ভিডিপি সদস্যদেরকে কাজে লাগানোর জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, আনসার সদর দপ্তর হতে পত্র এসেছে যে উপজেলা পরিষদের ভেতরে জায়গা পেলে তাদের নিজস্ব অর্থায়নে ভবন তৈরী করা হবে। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে আনসার ও ভিডিপি সদস্যগণকে প্রত্যেক ইউপি ভবনে তাদের জন্য নির্ধারিত কক্ষ বরাদ্দ প্রদান পূর্বক তাদেরকে কাজে লাগানোর জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ১। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নওগাঁ সদর, নওগাঁ ২। চেয়ারম্যান (সকল) ইউপি |

১.৯ উপজেলা সমাজসেবা অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা সমাজসেবা অফিসার, নওগাঁ সদর সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। |

১.১০ উপজেলা সমবায় অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা সমবায় অফিসার, নওগাঁ সদর, সভায় জানান যে, অক্টোবর/২০২০ মাসে (২০২০-২০২১ বর্ষে) ০২টি ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে এবং প্রশিক্ষনার্থীর সংখ্যা-৫০ জন। রাজস্ব হিসেবে অডিট ফি (ভ্যাট সহ) আদায়ের পরিমান-৪০২৬০৬/- টাকা। সমবায় উন্নয়ন তহবিল আদায়ের পরিমান-১০৯২৩৪৪/- টাকা। ২০১৯-২০২০ বর্ষের অডিট কার্যক্রম যথারীতি সম্পাদন করা হচ্ছে। নওগাঁ সদর উপজেলাধীন নওগাঁ মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ বহুমুখী ক্যাটাগরিতে জাতীয় সমবায় পুরুস্কার ২০১৯ লাভ করেছে তাই সমিতিকে এ সভার মাধ্যমে ধন্যবাদ দেয়ার জন্য অনুরোধ জানান। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়।<br>২। নওগাঁ সদর উপজেলাধীন নওগাঁ মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ বহুমুখী ক্যাটাগরিতে জাতীয় সমবায় পুরুস্কার ২০১৯ লাভ করায় সংশ্লিষ্ট সকলকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা সমবায় অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। |

১.১১ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, শিক্ষার গুনগতমান ধরে রাখার লক্ষ্যে সরকার প্রচারিত সংসদ টিভির পাশাপাশি প্রত্যেকটি প্রতিষ্ঠান স্ব উদ্যোগে অনলাইন, জুম অ্যাপস এর মাধ্যমে শ্রেণী পাঠদান চলছে। গত ০১/১১/২০২০ খ্রিঃ তারিখ থেকে ৬ষ্ট হতে ৯ম শ্রেণী পর্যন্ত সংশোধিত সিলেবাসের আলোকে অ্যাসাইনমেন্ট শুরু হয়েছে যা চলবে আগামী ১৫ ডিসেম্বর পর্যন্ত। অনলাইনে ব্যানবেইস জরিপ সম্পন্ন হয়েছে। প্রতিষ্ঠান পরিদর্শন স্বাভাবিক ভাবে চলছে। বিজ্ঞান অলিম্পিয়াড শেষ করা হয়েছে। এ মাসে বিজ্ঞান মেলার আয়োজন করা হবে। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনলাইনে পাঠদান অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়।<br>২। সুষ্ঠুভাবে স্বাস্থ্যবিধি মেনে বিজ্ঞান মেলা আয়োজন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। |

১.১২ উপজেলা শিক্ষা অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার, নওগাঁ সদর, এর প্রতিনিধি সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ |

১.১৩ উপজেলা যুব উন্নয়ন অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা যুব উন্নয়ন অফিসার, নওগাঁ সদর সভায় জানান যে, অক্টোবর/২০২০ মাসে ০২ ব্যাচে ৫৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ২৬ জনকে ১৪.৭৮ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। |

১.১৪ উপজেলা খাদ্য অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ সদর, সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ সদর, নওগাঁ। |

১.১৫ উপজেলা বন অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা বন কর্মকর্তা, নওগাঁ সদর, এর প্রতিনিধি সভায় সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তবে দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদন পাওয়া যায়নি। | নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ। |

১.১৬ উপজেলা মহিলা বিষয়ক অফিস :

| | | |
|---|---|---|
| প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ সদর জানান যে, ২০২০-২০২১ চক্রের ভিজিডির কার্যক্রম প্রক্রিয়াধীন। নতুন দরিদ্র মাতৃত্ব ভাতা ভোগীর তালিকা/আবেদন এখনও পাওয়া যায়নি। জরুরী ভিত্তিতে তালিকা জমা দেয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নতুন দরিদ্র মাতৃত্ব ভাতা ভোগীর তালিকা/আবেদন জরুরী ভিত্তিতে জমা দেয়ার জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়। এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানগণ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১। প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ সদর, নওগাঁ<br>২। ইউপি চেয়ারম্যান, (সকল) |

১.১৭ উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নওগাঁ সদর, সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে, কোন সমস্যা নেই। তবে কোন অগ্রগতির প্রতিবেদন পাওয়া যায়নি। | নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ |

১.১৮ উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস :

| | | |
|---|---|---|
| উপ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নওগাঁ সদর এর প্রতিনিধি সভায় জানান যে, প্রতি ইউপিতে ১১ টি করে নলকুপের বরাদ্দ পাওয়া গেছে। নলকুপ স্থাপনের জন্য তালিকাসহ এবং প্রতিটি নলকুপের জন্য সহায়ক চাঁদা বাবদ- ২৫০০/- টাকা জমা প্রদান করার জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), নওগাঁ সদর।<br>২। ইউপি চেয়ারম্যান, (সকল) |

১.১৯ উপজেলা রিসোর্স সেন্টার :

| | | |
|---|---|---|
| ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, করোনা সময়ে বিদ্যালয় বন্ধ থাকায় প্রাথমিক শিক্ষকের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। গণিত অলিম্পিয়াডের মাস্টার ট্রেইনার প্রশিক্ষকদের TOT প্রশিক্ষণ হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ পরিচালনা করা হবে এবং বিদ্যালয়ের উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করে রিপোর্ট প্রেরণ করা হচ্ছে। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নওগাঁ সদর, নওগাঁ |

১.২০ উপজেলা পরিসংখ্যান অফিস :

| | | |
|---|---|---|
| পরিসংখ্যান কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ প্রশিক্ষণজনিত কারণে সভায় অনুপস্থিত থাকায় তাঁর অফিসের কার্যক্রম সম্পর্কে জানা গেল না এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদনও পাওয়া যায়নি। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | পরিসংখ্যান কর্মকর্তা নওগাঁ সদর, নওগাঁ |

১.২১ বিএডিসি অফিস :

| | | |
|---|---|---|
| সিনিয়র সহকারী পরিচালক (বিবী) বিএডিসি, নওগাঁ সদর সভায় জানান যে, চলতি ২০২০-২০২১ উৎপাদন বর্ষে নওগাঁ জেলায় ২২৫ জন ডিলার ও কৃষক পর্যায়ে বিতরণের জন্য ১৬৭.৯৫০ মেঃ টন বোরো বীজ বরাদ্দ হয়। তন্মধ্যে প্রাপ্তি ১৬৫.০৫০ মেঃ টন। বর্তমানে মজুদ ১১.০০ মেঃ টন। গম বীজ বরাদ্দ ২৯২.৫০০ মেঃ টন। প্রাপ্তি ১৬৮.৪০০ মেঃ টন। বর্তমানে মজুদ-৯৪.১০০ মেঃ টন। সরিষা বীজ বরাদ্দ-৩৬.০০০ মেঃ টন। প্রাপ্তি-৩৩.২৩৭ মেঃ টন, বর্তমানে মজুদ-২৩.২৩৭ মেঃ টন। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সিনিঃ সহঃ পরিচালক (বিবী), বিএডিসি নওগাঁ সদর, নওগাঁ। |

১.২২ বিএমডিএ অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা সহঃ প্রকৌশলী, বিএমডিএ, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, আসন্ন বোরো মৌসুমে ২৪৯টি গভীর নলকুপের মাধ্যমে ৬০০০ হেক্টর জমিতে সেচ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং সেই মোতাবেক গভীর নলকুপগুলো বিদ্যুৎ সংযোগ সহ প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। বোরো মৌসুমের জন্য ১৫ মেঃ টন বোরো ধানের বীজ কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে খাস পুকুর পুনঃখনন প্রকল্পের আওতায় ১০টি খাস পুকুর পুনঃখননের জন্য জরিপ কাজ সম্পন্ন করা হয়েছে এবং আগামী জানুয়ারী/ ফেব্রুয়ারী মাসের মধ্যে পুকুরগুলো পুনঃখনন করা সম্ভব হবে।। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সহকারী প্রকৌশলী, বিএমডিএ নওগাঁ সদর, নওগাঁ। |

১.২৩ উপজেলা পল্লী উন্নয়ন (বিআরডিবি) অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নওগাঁ সদর সভায় জানান যে, ঋণ বিতরণ অক্টোবর/২০২০ মাসে ১৭.৯০ লক্ষ টাকা, বছরে-৪৩.৭৯ লক্ষ টাকা, ঋণ আদায় মাসে-৪১২.৪২লক্ষ টাকা এবং বছরের-৬৮.৪৬ লক্ষ টাকা। সঞ্চয় আদায় মাসে-০.৩৮ লক্ষ টাকা, বছরে সঞ্চয় আদায়-৪.৪৬ লক্ষ টাকা, শেয়ার আদায় মাসে -০.০৩ লক্ষ টাকা, বছরে আদায়-০.৪৬ লক্ষ টাকা, উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার নওগাঁ সদর, নওগাঁ। |

১.২৪ পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ) অফিস :

| | | |
|---|---|---|
| উপজেলা প্রকল্প অফিসার (পজীপ), নওগাঁ সদর সভায় জানান যে, অক্টোবর/২০২০ মাসে ঋণ বিতরণ-১১.৫৪, বছরে-১৩১.৬০ লক্ষ্যমাত্রা এবং ঋণ আদায় মাসে -৬৫.৯১ ও বছরে-১৩৬.১০ লক্ষমাত্রা। প্রশিক্ষণ উপকারভোগী- মাসে ১০৯ জন, বছরে-১৩০২ জন। তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ) নওগাঁ সদর, নওগাঁ |

১.২৫ পানি উন্নয়ন বোর্ড, নওগাঁ অফিস :

| | | |
|---|---|---|
| নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নওগাঁ সদর, সভায় জানান যে, বাপাউবো, নওগাঁর আওতাধীন বন্যা নিয়ন্ত্রন বাঁধে গত বন্যা মৌসুমে যে সমস্ত জায়গায় ক্ষয়ক্ষতি হয়েছে সেই সকল স্থানগুলো সরেজমিনে পরিদর্শন পূর্বক জরিপ কাজ চলছে। বাজেট বরাদ্দ সাপেক্ষে মেরামত করা হবে। উক্ত দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নওগাঁ। |

১.২৬ নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১ :

| | | |
|---|---|---|
| এজিএম (এম এস) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-১, নওগাঁ সভায় অনুপস্থিত থাকায় তাঁর অফিসের কার্যক্রম সম্পর্কে জানা গেল না এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতির কোন প্রতিবেদনও পাওয়া যায়নি। | নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | এ জিএম, নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি, নওগাঁ। |

১.২৭ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিস :

| | | |
|---|---|---|
| সহকারী প্রোগ্রামার, নওগাঁ সদর, সভায় জানান যে তার অফিস কক্ষে স্থাপিত সার্ভার ষ্টেশন এবং এসির কার্যকারিতা রক্ষার্থে দরজা-জানালায় থাইগ্লাস স্থাপন করা একান্ত প্রয়োজন। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অফিসে থাইগ্লাসের দরজা-জানালা স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁকে অনুরোধ করা হয়। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, নওগা সদর, নওগাঁ ।<br>২। উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ |

১.২৮ সাব-রেজিস্ট্রার, নওগাঁ সদর, নওগাঁ :

| | | |
|---|---|---|
| সদর সাব-রেজিস্ট্রার, নওগাঁ সদর সভায় জানান যে, উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | নিয়মিত সভায় উপস্থিতি সহ তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | সাব-রেজিস্ট্রার, নওগাঁ সদর, নওগাঁ |

১.২৯ উপজেলা তথ্য কেন্দ্র ,নওগাঁ সদর, নওগাঁ :

| | | |
|---|---|---|
| তথ্য সেবা কর্মকর্তা ,নওগাঁ সদর সভায় জানান যে, মাঠ পর্যায়ে মহিলাদেরকে করোনা প্রতিরোধে সচেতনতা এবং জীবানু নাশক সহজলভ্য পদ্ধতি হিসেবে সোপি ওয়াটার তৈরীর পদ্ধতি শেখানো হচ্ছে। এছাড়া বাল্যবিয়ে প্রতিরোধে বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। তিনি মহিলাদের স্বাস্থ্য সেবা আরও বৃদ্ধি করার লক্ষ্যে উপজেলা পরিষদ থেকে ০২(দুই) সেট স্বাস্থ্য সেবার সরঞ্জামাদি (প্রেশার পরিমাপ যন্ত্র, ডায়াবেটিস পরিমাপ যন্ত্র, ওজন পরিমাপ যন্ত্র, তাপমাত্রা পরিমাপ যন্ত্র) প্রদান করার জন্য সভায় অনুরোধ জানান। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা তথ্য সেবা কেন্দ্র, নওগাঁ সদরে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা সরঞ্জামাদি সরবরাহের নিমিত্ত প্রাক্কলন পরবর্তী সভায় উপস্থাপন করার জন্য তথ্য সেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য এবং দাপ্তরিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | ১। তথ্য সেবা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ |

১.৩০ আমার বাড়ী আমার খামার অফিস, নওগাঁ সদর, নওগাঁ :

| | | |
|---|---|---|
| উপজেলা সমন্বয়কারী, নওগাঁ সদর সভায় জানান যে, অক্টোবর/২০২০ মাসে ঋণ বিতরণ-১২০.৪০ লক্ষ, ঋণ আদায়-৮৫.৩২ লক্ষ, সঞ্চয় আদায়-৮.৫১ লক্ষ টাকা। উক্ত বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমন্বয়কারী, নওগাঁ সদর, নওগাঁ |

২। জনপ্রতিনিধিগণের আলোচনা :

| | | |
|---|---|---|
| ২.১ চেয়ারম্যান, বলিহার ইউপি সভায় জানান যে, বলিহার ইউনিয়নের অন্তর্গত পানিসাইল-পাজরভাঙ্গা-বটতলী এবং নিন্দইনের রাস্তা জনসাধারণের ব্যবহারের একেবারে অনুপোযোগী হয়ে পড়েছে। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়া প্রয়োজন মর্মে তিনি সভাকে অবহিত করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে বিষয়টি জেলা সমন্বয় সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলীকে বিষয়টি নির্বাহী প্রকৌশলী, এলজিইডি নওগাঁ মহোদয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর |
| ২.২ চেয়ারম্যান, চন্ডিপুর ইউপি সভায় জানান যে, আইন-শৃংখলা সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পর্যায়ে পুলিশ বিভাগের সহযোগিতা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এ বিষয়ে তিনি সভার দৃষ্টি আকর্ষণ করেণ। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা ও জেলা আইন-শৃংখলা কমিটির সভায় উত্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর |
| ২.৩ চেয়ারম্যান, তিলকপুর ইউপি সভায় জানান যে, উপজেলা সমন্বয় সভায় দীর্ঘক্ষণ আলোচনা শেষে দুপুরের খাবারের সময় ও অনেক দিন অতিবাহিত হয়ে যায়। এক্ষেত্রে ইতিপূর্বে যেভাবে দুপুরের খাবারের ব্যবস্থা করা হতো সেভাবে আবারও খাবারের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি প্রস্তাব করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে করোনা পরিস্থিতি বিবেচনায় প্রস্তাবটি পরবর্তীতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য (সকল) |
| ২.৪ চেয়ারম্যান, কীর্ত্তিপুর ইউপি সভায় জানান যে, কীর্ত্তিপুর-২ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব ফাতেমা খাতুন এ বছর সারাদেশের শ্রেষ্ঠ প্রধান শিক্ষক হিসেবে নির্বাচিত হয়েছেন। এ বিষয়টি তিনি সভায় ধন্যবাদ প্রস্তাবের জন্য পেশ করেন। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে ধন্যবাদ প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গ্রহীত হয় এবং সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | সদস্য ( সকল) |

| | | |
|---|---|---|
| ২.৫ চেয়ারম্যান, শৈলগাছী ইউপি সভায় জানান যে, কৃষকদের সুবিধার্থে উপজেলা কৃষি বিভাগ থেকে প্রদত্ত সরকারি বীজ, সার প্রভৃতি উপজেলা পরিষদের পরিবর্তে ইউনিয়ন পরিষদে প্রেরণ পূর্বক বিতরণের প্রস্তাব করেণ। এ বিষয়ে সভায় উপস্থিত কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান যে, সরকারি নির্দেশনা অনুযায়ী উপজেলা পরিষদ হতে বীজ ও সার বিতরণের বিধান রয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রান্তিক কৃষকদের নিকট সহজে সরকার প্রদত্ত সার ও বীজ পৌঁছানোর কার্যকর পদ্ধতি অনুসন্ধানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, নওগাঁ সদর। |

| | | |
|---|---|---|
| ২.৬ সংরক্ষিত মহিলা সদস্যগণ, উপজেলা পরিষদ নওগাঁ সদর ২০২০-২১ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে প্রকল্প বাস্তবায়ন কমিটি সমূহে তাদের ন্যায্য অংশীদারীত্বের যেন নিশ্চিত হয় সে ব্যাপারে সভার দৃষ্টি আকর্ষণ করেণ। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে সংরক্ষিত মহিলা সদস্যগণের অংশীদারিত্ব নিশ্চিতে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর<br>৩। উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর<br>৪। চেয়ারম্যান (সকল) ইউপি |

| | | |
|---|---|---|
| ২.৭ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ উপজেলা সমন্বয় সভা নির্ধারিত সময়ে শুরু করার জন্য এবং ধারাবাহিকভাবে প্রত্যেক সদস্য যাতে তাদের বক্তব্য উপস্থাপন করেণ এবং কোন বিষয়ের ব্যাখ্যা প্রদান করেণ সে বিষয়ে সকলকে অনুরোধ করেণ। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সদস্য (সকল) |

৩। বিবিধ আলোচনা:

| | | |
|---|---|---|
| ৩.১ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর সভায় সকল ইউপি চেয়ারম্যানগণ উপস্থিত থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেণ। তিনি ইউনিয়ন আইন-শৃংখলা রক্ষার্থে ইউপি চেয়ারম্যানগণকে থানার সাথে সমন্বয় করার জন্য অনুরোধ করেণ। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নওগাঁ সদর উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি সমুন্নত রাখতে জনপ্রতিনিধি, আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী এবং প্রশাসনের ঐক্যবদ্ধ প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল সদস্য, উপজেলা পরিষদ সমন্বয় সভা |

| | | |
|---|---|---|
| ৩.২ উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা অনুযায়ী উপজেলা পরিষদের বিগত ২৯-০৫-২০০৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ০১-০৮-২০০৬ খ্রিঃ তারিখ হতে জনাব মোঃ নজরুল ইসলাম, পিতা- মোহাম্মদ আলী, গ্রাম- শাহজাদপুর. পোঃ- ফতেপুর, নওগাঁ সদর, নওগাঁকে উপজেলা পরিষদের মালি পদে অস্থায়ী শ্রমিক মজুরী ভিত্তিতে নিয়োগ দেয়া হয় এবং তিনি অদ্যাবধি পর্যন্ত কর্মরত আছেন। এছাড়া বিগত ১৩-৪-২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক ০১-০৫-২০১৭ খ্রিঃ তারিখ হতে জনাব মলি রাণী, পিতা- রতন জমাদার, গ্রাম- চকএনায়েত, নওগাঁ সদর, নওগাঁ কে উপজেলা পরিষদের পরিচ্ছন্নতা কর্মী(সুইপার) হিসাবে অস্থায়ী শ্রমিক মজুরী ভিত্তিতে নিয়োগ দেয়া হয় এবং তিনি অদ্যাবধি কর্মরত আছেন। উভয়কে বর্তমানে দৈনিক মজুরী ৪৫০/-(চার শত পঞ্চাশ) টাকা হিসেবে মজুরী প্রদান করা হচ্ছে। স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার গত ০৯-১১-২০২০ খ্রিঃ তারিখের ৪৬.৩০.০০০০. ০৪৬. ০১৫.০০৪.১২ (অংশ)-৮৮৩ নং পত্রে দক্ষ মালি ও সুইপার এর দৈনিক প্রদেয় মজুরির হার ৫৫০/-টাকা নির্ধারণ করা হয়েছে। তিনি বর্ণিত জারীকৃত আদেশের প্রেক্ষিতে মালি জনাব মোঃ নজরুল ইসলাম, পিং- মোঃ মোহাম্মদ আলী, গ্রাম- শাহজাদপুর, পোঃ- ফতেপুর নওগাঁ সদর, নওগাঁ ও পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) জনাব মলি রাণী, পিতা- রতন জমাদার, গ্রাম- চকএনায়েত, নওগাঁ সদর, নওগাঁ কে দৈনিক মজুরী ৪৫০/-(চারশত পঞ্চাশ) টাকা হতে বৃদ্ধি করে ৫৫০/-(পাঁচ শত পঞ্চাশ) টাকা হারে প্রদানের জন্য অনুরোধ জানান। উল্লেখ্য যে, বর্ণিত মালি ১৪ বছর ও পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) ০৩ বছর ধরে কাজ করছেন এবং তারা দায়িত্ব সঠিকভাবে পালন করছেন মর্মে প্রতীয়মান।সেক্ষেত্রে তাদেরকে দক্ষ মালি ও সুইপার হিসেবে বিবেচনা করা যেতে পারে এবং স্থানীয় সরকার বিভাগ,উপজেলা-১ শাখার ০৯-১১-২০২০ খ্রিঃ তারিখের ৪৬.৩০.০০০০.০৪৬.০১৫.০০৪.১২ (অংশ)-৮৮৩ নং পত্রে জারীকৃত নির্দেশনা মোতাবেক দক্ষ মালি ও দক্ষ পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) হিসেবে দৈনিক মজুরী ৫৫০/-(পাঁচ শত পঞ্চাশ) টাকা হারে প্রদান করা যেতে পারে। | এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হলো এবং উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্নতা কর্মী (সুইপার) কে দক্ষ হিসেবে বিবেচনা করে এবং স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখার ০৯-১১-২০২০ খ্রিঃ তারিখের ৪৬.৩০.০০০০.০৪৬.০১৫.০০৪.১২ (অংশ)-৮৮৩ নং পত্রের নির্দেশনার আলোকে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ত) এর মালি/ সুইপার নিয়োগ অনুচ্ছেদ সংক্রান্ত খাত হতে ০৯/১১/২০২০ খ্রিঃ তারিখ হতে দৈনিক মজুরী ৫৫০/-(পাঁচ শত পঞ্চাশ) টাকা হারে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর |

০৪. চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ এর টিএ/ডিএ বিল অনুমোদন:

চেয়রম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর কর্তৃক স্বাক্ষরিত অক্টোবর /২০২০ মাসের, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর কর্তৃক স্বাক্ষরিত অক্টোবর /২০২০ মাসের এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর কর্তৃক স্বাক্ষরিত অক্টোবর /২০২০ মাসের ভ্রমণ বিবরণী মোতাবেক প্রস্তুতকৃত ভ্রমণ ভাতা বাবদ যথাক্রমে ১৪,০০০/-(চৌদ্দ হাজার ) টাকা, ৯,৮০০/-(নয় হাজার আট শত) টাকা এবং ৯,৮০০/-(নয় হাজার আট শত) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলে আলোচনান্তে ভ্রমণ বিবরণীসহ বিলসমূহ সর্বসম্মতভাবে অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (ধ)উপজেলা পরিষদের চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ও টিএ/ডিএ ভাতা খাত হতে এ অর্থ ব্যয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

৫ । উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয়:

৫.১ আপ্যায়ন ব্যয়:

সভায় উপজেলা পরিষদের বিভিন্ন সভা ও উপজেলা স্থায়ী কমিটির (ভাইস চেয়ারম্যানগণ কর্তৃক) বিভিন্ন সভা এবং অন্যান্য কর্মদিবসে আপ্যায়ন বাবদ ৩৮,০০০/- (আটত্রিশ হাজার) টাকার ভাউচারগুলো উপস্থাপন করা হয় । উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের নিমিত্বে এ ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয় । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে এ ব্যয় যৌক্তিক বিবেচনায় সর্বসম্মতিক্রমে উক্ত ব্যয় অনুমোদন করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ (জ) মোতাবেক আপ্যায়ন খাত হতে এ অর্থ পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

৫.২ আনুষাঙ্গিক ব্যয় :

সভায় উপজেলা পরিষদের আনুষাঙ্গিক ব্যয় বাবদ মাসিক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার বিল/ ভাউচারগুলো উপস্থাপন করা হয় । উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের নিমিত্বে এ ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয় । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে এ ব্যয় যৌক্তিক বিবেচনায় সর্বসম্মতিক্রমে উক্ত ব্যয় অনুমোদন করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩ এর (ঝ) মোতাবেক আনুষাঙ্গিক খাত হতে এ অর্থ পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

৫.৩ উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ সভায় জানান যে, উপজেলা পরিষদ অডিটোরিয়াম কাম মাল্টিপারপাস হল রুমের ২য় তলায় ইন্টারনেটের আন্ত: ও বহি:সংযোগ (ফাইবার এট হোম) কর্তৃক এবং উপজেলা পরিষদ সভা কক্ষে ভিডিও কনফারেন্স সিস্টেম সংযোগ স্থাপন, সার্ভার রুমে সোলার ব্যাটারী ও সোলার চার্জার স্থাপনে ব্যয় বাবদ=৯৫৮০/-+১,১৬০/-+৫,৩০০/-+ ৫২৫০/-=২১,২৯০/- (একুশ হাজার দুই শত নব্বই) টাকার বিল ভাউচার পাওয়া যায় । উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বিল পরিশোধের নিমিত্বে এ ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব করা হয় । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে এ ব্যয় যৌক্তিক বিবেচনায় সর্বসম্মতিক্রমে উক্ত ব্যয় অনুমোদন করা হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের ৩ এর (ঢ) অনুচ্ছেদ বিদ্যুৎ/টেলিফোন বিল, ভূমি উন্নয়ন কর, ইন্টারনেট বিল ইত্যাদি পরিশোধ খাত হতে এ অর্থ পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় ।

সভায় সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ পরিষদের সকল সভায় সংশ্লিষ্ট সকলকে সময়মত উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান এবং সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন । অত:পর সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

মোঃ রফিকুল ইসলাম (রফিক)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও 12.11.20
সভাপতি
উপজেলা পরিষদ সমন্বয় সভা
নওগাঁ সদর, নওগাঁ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
নওগাঁ সদর, নওগাঁ

নং-০৫.৪৩.৬৪৬০.০০০.০৬.০০৫.২০২০- ১১৩৫ তারিখ :- ১২/১১/২০২০ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক, নওগাঁ।

৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ।

৪। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।

৫। উপজেলা ................................অফিসার, নওগাঁ (সকল) নওগাঁ সদর, নওগাঁ।

৬। চেয়ারম্যান.......................................... ইউ,পি (সকল) নওগাঁ সদর, নওগাঁ।

৭। জনাব,.........................................................................

৮। সহকারী প্রোগ্রামার, নওগাঁ সদর, নওগাঁ (কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)

১২/১১/২০২০

(মির্জা ইমাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
নওগাঁ সদর,নওগাঁ

[illegible]

নওগাঁ সদর উপজেলা পরিষদের নভেম্বর '২০২০ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা

'ক' ও 'খ'

উপস্থিত (✓) অনুপস্থিত (X)

| ক্রঃনং | সদস্যগণ | | ক্রঃ নং | সদস্যগণ | |
|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৩১ | সহকারী কমিশনার (ভূমি), নওগাঁ সদর, নওগাঁ | ✓ |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৩২ | সহকারী প্রকৌশলী, পিডিবি, নওগাঁ সদর, নওগাঁ | X |
| ০৩ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৩৩ | এজিএম (এম, এস) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি | X |
| ০৪ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৩৪ | সাব রেজিষ্টার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ০৫ | উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৩৫ | ইউডিএফ, স্থানীয় সরকার বিভাগ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ০৬ | অফিসার ইনর্চাজ, নওগাঁ সদর মডেল থানা, নওগাঁ সদর, নওগাঁ। | X | ৩৬ | তথ্য সেবা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ | ✓ |
| | | | ৩৭ | উপজেলা সমন্বকারী,আমার বাড়ী আমার খামার | ✓ |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | | **জনপ্রতিনিধি** | ✓ |
| ০৮ | উপজেলা নির্বাচন অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৩৮ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ০৯ | উপজেলা সমাজসেবা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৩৯ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ | ✓ |
| ১০ | উপজেলা পঃ পঃ অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৪০ | মেয়র, নওগাঁ পৌরসভা বা তার প্রতিনিধি | X |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৪১ | চেয়ারম্যান, বর্ষাইল ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৪২ | চেয়ারম্যান, কীর্ত্তিপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ১৩ | উপজেলা সমবায় অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৪৩ | চেয়ারম্যান, বক্তারপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ১৪ | উপজেলা পরিসংখ্যান অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | X | ৪৪ | চেয়ারম্যান, তিলকপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৪৫ | চেয়ারম্যান, হাপানিয়া ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ১৬ | উপজেলা আনসার ভিডিপি, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৪৬ | চেয়ারম্যান, দুবলহাটী ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ১৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৪৭ | চেয়ারম্যান, বোয়ালিয়া ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ১৮ | উপজেলা সিঃ সহঃ পরিচালক (বীবি), বিএডিসি নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৪৮ | চেয়ারম্যান, হাঁসাইগাড়ী ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ১৯ | উপজেলা সহঃ প্রকৌশলী, বিএমডিএ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৪৯ | চেয়ারম্যান, চন্ডিপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ২০ | উপজেলা সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য), নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৫০ | চেয়ারম্যান, বলিহার ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ২১ | উপজেলা পাট উন্নয়ন অফিসার, নওগাঁ সদর, নওগাঁ। | X | ৫১ | চেয়ারম্যান, শিকারপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ২২ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৫২ | চেয়ারম্যান, শৈলগাছী ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ |
| ২৩ | উপজেলা প্রকল্প কর্মকর্তা (পজীপ), নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৫৩ | চেয়ারম্যান,ইউসিসিএ লিঃ বিআরডিবি, নওগাঁ সদর | X |
| ২৪ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৫৪ | মোছাঃ মোরশেদা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ | ✓ |
| ২৫ | নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৫৫ | মোছাঃ মাহফুজা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ | ✓ |
| ২৬ | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৫৬ | মোছাঃ আফেলাতুন নেছা, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ ৷ | ✓ |
| ২৭ | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | ৫৭ | মোছাঃ নাছিমা খাতুন(চায়না) সংরক্ষিত মহিলা সদস্য,উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ | ✓ |
| ২৮ | সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, নওগাঁ সদর, নওগাঁ। | X | | | |
| ২৯ | উপঃ প্রকৌশলী (শিক্ষা) নওগাঁ সদর, নওগাঁ। | X | | | |
| ৩০ | উপজেলা বন কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ। | ✓ | | | |